# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১. পেশাব-পায়খানার জন্য নির্জন স্থানে যাওয়া প্রসঙ্গে

باب التَّخَلِّي عِنْدَ قَضَاءِ الْحَاجَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ بْنِ قَعْنَبٍ الْقَعْنَبِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، ـ يَعْنِي ابْنَ مُحَمَّدٍ ـ عَنْ مُحَمَّدٍ، ـ يَعْنِي ابْنَ عَمْرٍو ـ عَنْ أَبِي سَلَمَةَ، عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم كَانَ إِذَا ذَهَبَ الْمَذْهَبَ أَبْعَدَ

حسن صحيح

বাংলা

১। মুগীরাহ ইবনু শু’বাহ (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পায়খানার উদ্দেশ্যে দূরে চলে যেতেন।[1]

হাসান সহীহ।

## English

Narrated Mughirah ibn Shu'bah:

When the Prophet (ﷺ) went (outside) to relieve himself, he went to a far-off place.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পায়খানার বেগ হলে রাস্তা থেকে দূরে চলে যেতেন, হাঃ ২০) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা ও তার সুন্নাত, অনুঃ পেশাব-পায়খানার জন্য দূরে জঙ্গলে যাওয়া) হাঃ ৩৩১, নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাব-পায়খানার জন্য দূরে যাওয়া হাঃ ১৭) দারিমী

(অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাব-পায়খানার জন্য যাওয়া, হাঃ ৬৬০), সহীহ ইবনু খুজাইমাহ (অধ্যায়ঃ উযু, অনুঃ মানুষের চোখের অন্তরাল হওয়ার উদ্দেশ্যে পেশাব-পায়খানার জন্য দূরে যাওয়া, হাঃ ৫০) বায়হাক্বী ‘সুনানুল কুবরা’ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাব পায়খানার জন্য নির্জনে যাওয়া) হাকিম (অধ্যায়ঃ পবিত্রতা)। ইমাম তিরমিযী বলেন, হাদীসটি হাসান সহীহ। ইমাম হাকিম বলেন, এটি মুসলিমের শর্তে সহীহ। ইমাম যাহাবীও তাঁর সাথে একমত পোষণ করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57319

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন